# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০১(৮৯৪)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৯)/১/ ৩৫৫৩ তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১১ মে ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | **উচ্চমান সহকারী**<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)<br>পদের সংখ্যা : ১০ (দশ)<br>বয়স: ১৮-৩০ বৎসর | ন্যূনতম স্নাতক ডিগ্রি। কম্পিউটার চালনায় পারদর্শিতা ও **বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে**। কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ (ত্রিশ) ও বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ। শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় শ্রেণী/বিভাগ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ২ | **ডাটা এন্ট্রি অপারেটর**<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)<br>পদের সংখ্যা: ০৫ (পাঁচ)<br>বয়স: সর্বোচ্চ ৩০ বৎসর | ন্যূনতম স্নাতক ডিগ্রি। কম্পিউটার চালনায় পারদর্শিতা ও **বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে**। কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩৫ ও বাংলায় ৩০ শব্দ । ডাটা এন্ট্রি কাজে স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |
| ৩ | **স্টাফ নার্স**<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)<br>পদের সংখ্যা: ০১ (এক)<br>বয়স: ১৮-৩০ বৎসর | এইচএসসি পাস ও নার্সিং-এ ডিপ্লোমা সার্টিফিকেটধারী হইতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৪ | **মেডিকেল সহকারী**<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)<br>পদের সংখ্যা: ০১ (এক)<br>বয়স: ১৮-৩০ বৎসর | এইচএসসি পাস ও নার্সিং-এ সার্টিফিকেটধারী হইতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৫ | **অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক**<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)<br>পদের সংখ্যা: ১০ (দশ)<br>বয়স: ১৮-৩০ বৎসর | ন্যূনতম এইচএসসি পাস। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ। শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৬ | **ইলেকট্রিশিয়ান**<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)<br>পদের সংখ্যা: ০২ (দুই)<br>বয়স: ১৮-৩০ বৎসর | এসএসসি পাসসহ সি লাইসেন্সধারী এবং বাস্তব কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br><br>সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৭ | **কুক**<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮)<br>পদের সংখ্যা: ০১ (এক)<br>বয়স: ১৮-৩০ বৎসর | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ৮ | **ডেসপাচ রাইডার**<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮)<br>পদের সংখ্যা: ০২ (দুই)<br>বয়স: ১৮-৩০ বৎসর | এসএসসি পাস। সাইকেল/মটর সাইকেল চালনায় দক্ষতা থাকিতে হইবে। হাতের লেখা সুন্দর হইতে হইবে। |
| ৯ | **সহকারী কুক**<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)<br>পদের সংখ্যা: ০১ (এক)<br>বয়স: ১৮-৩০ বৎসর | ৮ম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০ | **অফিস সহায়ক**<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)<br>পদের সংখ্যা: ১৫ (পনের)<br>বয়স: ১৮-৩০ বৎসর | এসএসসি পাস। |

শর্তাবলী:

১. উক্ত পদসমূহে আবেদনের নিমিত্তে **Online Application Form** ও নিয়োগ বিজ্ঞপ্তি **১৬-০৫-২০২২ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট jobs.nu.ac.bd** এ পাওয়া যাইবে। আগ্রহী প্রার্থীদের আগামী **১৫-০৬-২০২২ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার** মধ্যে উক্ত ওয়েবসাইট jobs.nu.ac.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।

২. **বয়সসীমা:** ক্রমিক নং-৫ হইতে ১০ পর্যন্ত বর্ণিত পদসমূহের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর, তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীদের বয়স ১৮ বৎসর হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। বয়স প্রমাণের জন্য পরীক্ষা পাশের সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৩. **আবেদন করার শেষ তারিখে প্রার্থীদের বয়সসীমা নির্ধারিত হবে।**

৪. **প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে আবেদনে উল্লেখসহ ঐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সার্টিফিকেট, মুক্তিবার্তা/গেজেটের কপি যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সনদপত্রের সত্যায়িত কপি এবং** অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৫. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৬. **Online Application Form-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ০৯ (নয়) সেট ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ১৫-০৬-২০২২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

৭. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় **ক্রমিক নং- ১ হইতে ৪-এ বর্ণিত পদের জন্য ৪০০/- (চারশত) টাকা এবং ক্রমিক নং- ৫ হইতে ১০-এ বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা** পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

**পে-স্লিপ সংগ্রহ ও আবেদন ফি জমাদানের নিয়মাবলী:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট jobs.nu.ac.bd এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে **Pay-slip** ডাউনলোড করে

নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হইবে অথবা সোনালী ব্যাংকের Online Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে নির্ধারিত আবেদন ফি জমা দিতে হইবে।

Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।

৮. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড/নির্বাচনী কমিটি-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

৯. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।

১০. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

১৩. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

11.05.22

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়